মেহেরপুর জেলা জজ কোর্টের জিপি শাহজাহানের ইন্তেকাল

মেহেরপুর জেলা জজ কোর্টের জিপি,বুড়িপোতা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা অ্যাডভোকেট শাহজাহান আলী ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

বুধবার দিবাগত রাতে কলকাতায় চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। বেশ কিছুদিন যাবৎ তিনি দুরারোগ্য ক্যান্সার রোগে ভুগছিলেন ।

অ্যাডভোকেট শাহজাহান আলীর স্ত্রী এক ছেলে এক মেয়ে সহ অসংখ্য গুণাগ্রহী রেখে গেছেন।

দর্শনা পৌরসভার মেয়র মতিয়ার রহমানের ইন্তেকাল

দর্শনার বর্ষিয়ান রাজনীতিবিদ ও পৌর আওয়ামীলীগের সভাপতি ৪ বারের নির্বাচিত মেয়র মতিয়ার রহমান ইন্তেকাল (ইনালিল্লাহি ওয়া ইনা ইলাইহি রাজিউন) করেছেন।

আজ মঙ্গলবার ২৭ ডিসেম্বর ভোর ৫ টার দিকে দিল্লী এ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন অবস্হায় ইন্তেকাল করেছেন।

গত একমাস আগে স্ত্রীর দেওয়া লিভার নিয়েও বাঁচতে পারলেন না দর্শনা পৌরসভার মেয়র মতিয়ার রহমান। মৃত্যুকালে তার বয়স (৫৮) ও ২ কন্যা সন্তানের জনক মেয়র মতিয়ার রহমান। এ দিকে তার মৃত্যুতে দর্শনা সহ গাটা চুয়াডাঙ্গা জেলা জুড়ে শোকের ছায়া নেমে এসেছে।

তিনি দীর্ঘদিন ধরে লিভার ড্যামজ রোগে ভুগছিলেন। দীর্ঘ কয়ক বছর যাবত ভারত এবং বাংলাদশর বিভিন্ন হাসপাতাল চিকিৎসা নিয়েও তিনি কোন সুফল পায়নি। তার লিভারের প্রায় পুরাটাই মৃতপ্রায় কোষ

পরিণত হয়ছিল। স্ত্রীর লিভারের ৩০ পাসেন্ট নিয়ে তার লিভারের অংশ বিশেষ ফল প্রতিস্হাপন করা হয়েছিল। একমাস আগে দিল্লির এ্যাপোলো হাসপাতালে। অপারশনের পর হতে তিনি আশংকাজনক ও অচেতন অবস্থায় আইসিইউতে চিকিৎসাধীন ছিলেন।

দর্শনা পৌরসভার চলতি মেয়রের দায়িত্ব পালন সহ ৪ বারের নির্বাচিত মেয়র এবং তার পিতা মরহুম শামসুল ইসলাম তৎকালীন দর্শনা ইউনিয়ন পরিষদের ৩ বারের নির্বাচিত চেয়ারম্যান হিসাব দায়িত্ব পালন করেছেন।

তার মৃত্যুতে চুয়াডাঙ্গা জেলার ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক আমিনুল ইসলাম, জেলা পরিষদর চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুরসহ অনেকেই গভীর শোক প্রকাশ করেছেন।

সেইসাথে দর্শনা পৌরসভায় ৩ দিনের শোক বার্তা জানিয়েছে প্যানেল মেয়রসহ কর্মকর্তা – কর্মচারীরা। সেই সাথে দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান ও সাধারন সম্পাদক সাবির হোসেন মিকা ঘোষনা দেন এবং মাইকিং করে দোকান পাট বন্ধ রাখার আহব্বান জানান। শোকসমাপ্ত পরিবারর প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন বিভিন্ন মহল।

দর্শনায় মুক্তিযোদ্ধা কমান্ডারের ইন্তেকাল, রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

দামুড়হুদার দর্শনা থানার পারকৃষ্ণপুর -মদনা ইউনিয়নের জিরাট গ্রামের মাঝপাড়ার আয়ু মল্লিকের ছেলে ইউনিয়ন মুক্তিযোদ্ধা কমান্ডার ও ইউনিয়ন আ লীগের মুক্তিযোদ্ধা বিষায়ক সম্পাদক ও বীরমুক্তিযোদ্ধা তমসের আলী (৭৩) হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তাকাল করেছেন।

গতকাল সোমবার সন্ধ্যা ৬ টার দিকে ঢাকা জাতীয় হৃদরোগ ইন্সটিটিউট হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় (এনজিওগ্রাম করার সময়) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন) ।

গতকাল রাত ৯ টার সময় লাশ নিয়ে পরিবারের লোকজন ঢাকা থেকে নিজবাড়ির উদ্যেশে রওনা দেন এবং রাত ৩ টার দিকে নিজ গ্রাম জিরাটে পৌঁছায় ।

পরিবারের সদস্যরা জানান, এক মাস আগে স্টোক করে তারপর থেকে তিনি ঢাকা জাতীয় ইন্সটিটিউট হাসপাতালে চিকিৎসা নিয়ে আসছেন দীর্ঘ এক মাস ধরে বেশ সুস্থ হয়ে উঠেন। কিন্ত গত শুক্রবার হঠাৎ তিনি অসুস্থ বোধ করলে আমরা ঢাকা নিয়ে যায় ডাক্তার কাছে এনজিও করার জন্য বলে এবং এনজিওগ্রাম করার সময় তিনি মারাযায়।মৃত্যুকালে তিনি স্ত্রী, ১ মেয়ে সহ অসংখ্য আত্মীয়স্বজন রেখে গেছেন।

তাঁর মৃত্যুতে চুয়াডাঙ্গা ২ আসনের সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর এমপি, দামুড়হুদা উপজেলা আ লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আ লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম ও পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম ও দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী পৃথক পৃথক শোক প্রকাশ করেছেন।

আজ মঙ্গলবার বেলা ১১টার সময় দামুড়হুদার জিরাট গ্রামের স্কুল মাঠে তাকে গার্ড অফ অনার দেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর ও দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার সানজিদা বেগম, চুয়াডাঙ্গা পুলিশ লাইনের একদল চৌকস পুলিশ সদস্যরা তাকে শেষ শ্রদ্ধা জানান।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আ লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সম্মানিত সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু, এছাড়াও তার সহযোদ্ধারা তাকে শেষ শ্রদ্ধাজানান, এসময় উপস্থিত বীর মুক্তিযোদ্ধা দামুড়হুদা উপজেলা যাচাই-বাছাই কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, সাবেক জেলা কমান্ডার আবু হোসেন,

জামাত আলী, ছাবদার আলী, মশিউর রহমান, নুর ইসরাম, মন্টু, সিরাজুল ইসলাম, ইকলাচ, ফজলুর রহমান ফনা, বিল্লাল হোসেন, আলাউদ্দিন, আশরাফ আলী, আবুল হাসনাত, ফজলু, আব্দুল মোতালেব, আব্দুর সবুর, আব্দুল হান্নান, মাহাত্তাব উদ্দিন, আব্দুর রহিম, আব্দুল খালেক, সরোয়ার হোসেন, এরশাদ আলী।

এসময় আরো উপস্থিত ছিলেন, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ কামাল উদ্দীন, দর্শনা থানার অফিসার ইনচার্জ (তদন্ত) নিখিল অধিকারী। দামুড়হুদা উপজেলা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট। আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১টার সময় গ্রামের পারিবারিক কবরস্থানে নামাজের জানাজা শেষে দাফন করা হয়।।

দর্শনা পুরাতন বাজারের বিশিষ্ট ব্যবসায়ী টুকুর ইন্তেকাল

দর্শনা পুরাতন বাজারের বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল হাই টুকু ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। গত বুধবার দিবাগত রাত পৌনে ৩ টার দিকে নিজ বাড়ি হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন। আব্দুল হাই টুকু মরহুম হাজি লাল মোহাম্মদের ছোট ছেলে।

তিনি ব্যবসার পাশাপাশি একজন সাংস্কৃতি কর্মী ও দর্শনা সাম্প্রতিক সাংস্কৃতিক সংগঠণের উপদেষ্টা ছিলেন। গতকাল বৃহস্পতিবার বাদ আসর দর্শনা কলেজ মাঠে মরহুমের নামাজের জানাযা শেষে পারিবারিক কবরস্থানে তার দাফনকার্য সম্পন্ন হয়।

চুয়াডাঙ্গা জেলা আ.লীগের সাধারন সম্পাদক আজাদুল ইসলাম আজাদ, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলার চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারন সম্পাদক আলী মুনসুর বাবু, পারকৃষ্ণপুর-মদনা ইউপি চেয়ারম্যান এস,এ,এম জাকারিয়া আলম, দামুড়হুদা উপজেলা আ.লীগের সাবেক সভাপতি সিরাজুল আলম ঝন্টু, বিশিষ্ট ব্যাবসায়ী আতিয়ার রহমান হাবু জানাযায় অংশগ্রহণ করেন।

জানাযা

তার অকাল মৃত্যুতে রাজনৈতিক, সমাজিক, সাংস্কৃতিক, ব্যবসায়ী সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ মরহুমের আত্মার মাগফেরাত কামনা সহ শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছে। মৃত্যকালে স্ত্রী, সন্তান, ভাই, বোন সহ অসংখ্য শুভাকাঙ্খি রেখে গেছেন।